
দৈনিক
ইনকিলাব

তারিখ ... 4 JUL 2008
পৃষ্ঠা - ৮ ... কলাম - ৩



*ইনকিলাব ঃ গতকাল (বৃহস্পতিবার) রাজধানীর বসুন্ধরা সিটির লেভেল সেভেনে শুরু হয়েছে ঢাকা আন্তর্জাতিক শিক্ষা মেলা। মেলায় আগত শিক্ষার্থীরা বিভিন্ন স্টলে এভাবেই ভিড় জমায়*

# বসুন্ধরা সিটিতে ৪ দিনব্যাপী ঢাক আন্তর্জাতিক শিক্ষা মেলা শুরু

স্টাফ রিপোর্টার ঃ বিশ্বব্যাপী যুগোপযোগী শিক্ষাব্যবস্থা এবং সঠিক ক্যারিয়ার বিষয়ক সাম্প্রতিক সুযোগ-সুবিধাগুলো শিক্ষার্থী ও সাধারণ মানুষের মাঝে উপস্থাপনের লক্ষ্যে গতকাল (বৃহস্পতিবার) থেকে শুরু হয়েছে 'ঢাকা আন্তর্জাতিক শিক্ষা মেলা-২০০৮'। রাজধানীর বসুন্ধরা সিটির লেভেল সেভেনে ইথ্রি সলিউশন আয়োজিত চার দিনব্যাপী এ শিক্ষা মেলা ৬ জুলাই শেষ হবে। মেলায় ৬৫টিরও বেশী শিক্ষা প্রতিষ্ঠান, কাউন্সিলিং ফার্মসহ একশ'টিরও বেশী স্টল সেবা প্রদান করবে। মেলাস্থল প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত থাকবে। মেলায় প্রবেশ মূল্য নির্ধারণ করা হয়েছে ১০ টাকা। গতকাল মেলার উদ্বোধন করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের তথ্য উপদেষ্টা ও ডেইলি ইন্ডিপেন্ডেন্টের চীফ এডিটর মাহবুব আলম। এ সময় উপস্থিত ছিলেন ইথ্রি সলিউশনের চেয়ারম্যান এ জেড এম ফজলে রাব্বি, ম্যানেজিং ডিরেক্টর রেজাউল করিম।

মেলার আয়োজকরা জানান, বিশ্বব্যাপী কর্মসংস্থানের ক্ষেত্রে সহায়ক উচ্চতর শিক্ষালাভের আকাঙ্ক্ষা অনেকের থাকলেও প্রয়োজনীয় তথ্য, যোগাযোগ ও নিশ্চয়তার অভাবে তা অপূর্ণই থেকে যায়। এ অপূর্ণতা ঘোচাবে এ মেলা। বাংলাদেশী শিক্ষার্থীদের উচ্চশিক্ষা গ্রহণের ক্রমবর্ধমান চাহিদার প্রতি লক্ষ্য রেখে এ মেলার আয়োজন করা হয়েছে। মেলা প্রাঙ্গণেই বিদেশে পড়তে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীরা সাক্ষাৎকার ও স এডমিশন সম্পন্ন করতে পারবে। এছাড়া মে ছাত্র-ছাত্রীরা পাবে উচ্চশিক্ষার সঠিক ধারণা সঠিক পথের সন্ধান।

তারা জানান, মেলায় বাংলাদেশ, বৃটে আমেরিকা, মালয়েশিয়া, সাইপ্রাস, থাইল্যা ভারত, অস্ট্রেলিয়া, আয়ারল্যান্ড, পোল্যা সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশের সুনাম অর্জনকা কলেজ ও ইউনিভার্সিটি প্রতিনিধিরা উপস্থি থাকবেন। ফলে আগ্রহী শিক্ষার্থীরা একদি যেমন দেশের বাইরের শিক্ষাব্যবস্থা সম্প জানতে পারবে অপরদিকে তেমনি বিদেশী শি প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া, টিউশন ফিসহ অন্যা সুযোগ-সুবিধা জানার মাধ্যমে নিজেদে